

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণির নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত আগ্রহী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর	৬ (ছয়) টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার); তবে বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে দুই বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য; খ) Operator's Aptitude Test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, শেরপুর, ফেনী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগা, নাটোর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	স্টাফ-মুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	৯ (নয়) টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; গ) স্টাফলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ; ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে	
৩।	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	৮ (আট) টি	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ; এবং ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে	
৪।	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	১৮-৩০ বৎসর	১৯ (উনিশ) টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, জামালপুর, শেরপুর, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী ও সুনামগঞ্জ। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

- ০১.১০.২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
- নিয়োগ চলাকালীন সময়ে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

